

সংশোধিত আইন (প্রস্তাবিত)
প্রাণিকল্যাণ ও সুরক্ষা (সংশোধিত) আইন' ২০২৬

(২০২৬ সনের নং আইন)

.....বার, ...অক্টোবর, ২০২৬

যেহেতু প্রাণীর প্রতি নিষ্ঠুরতা প্রতিরোধ করা, সদয় আচরণ প্রদর্শন করা ও দায়িত্বশীল প্রতিপালনের মাধ্যমে প্রাণীর কল্যাণ ও সুরক্ষা নিশ্চিত করা আবশ্যিক; এবং যেহেতু প্রাণীর কল্যাণ ও সুরক্ষা নিশ্চিত করণার্থে সামাজিক সচেতনতা ও এই আইনের কার্যকারিতা বৃদ্ধির উদ্দেশ্যে বিদ্যমান প্রাণিকল্যাণ আইন' ২০১৯ রহিতপূর্বক সমন্বয়যোগী করে সংশোধনপূর্বক পুনঃপ্রণয়নকল্পে প্রণীত আইন

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন সংশোধন করা হইল:-

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন— (১) এই আইন প্রাণিকল্যাণ ও সুরক্ষা (সংশোধিত) আইন' ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা— বিষয় ও প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে-

১) “অনিরাময়যোগ্য অসুস্থ প্রাণী” অর্থ এমন অসুস্থ প্রাণী, চিকিৎসার মাধ্যমে যাহার নিরাময় সম্ভব নহে অথবা মারাত্মকভাবে আহত হইবার কারণে যাহার স্থায়ীভাবে অঙ্গহানি হইয়াছে বা করা হইয়াছে অথবা যাহা জলাতঙ্ক রোগে আক্রান্ত;

(২) “অসুস্থ প্রাণী” অর্থ ভেটেরিনারি সার্জনের প্রত্যয়ন অনুযায়ী নিম্নবর্ণিত এক বা একাধিক কারণে সুস্থ নহে এইরূপ কোনো প্রাণী এবং চিকিৎসা প্রদান করা হইলে যে সুস্থ ও স্বাভাবিক জীবনে ফিরিয়া আসিতে পারে যথা:

(ক) যে উদ্দেশ্যে লালনপালন করা হইতেছে, সেই কাজের জন্য সাময়িকভাবে অনুপযুক্ত;

(খ) অঙ্গহানি, আঘাত বা ক্ষতজনিত কারণে অসুস্থ;

(গ) শারীরবৃত্তিক কারণে বা কোনো জীবাণুর সংক্রমণজনিত কারণে অসুস্থ;

(৩) ‘আবদ্ধ প্রাণী’ অর্থ এইরূপ প্রাণী যাহার পলায়নপরতা বা হিংস্রতা রোধের উদ্দেশ্যে যাহাকে আটক বা খাঁচায় বন্দী অবস্থায় লালনপালন করা হয়;

(৪) ‘কর্তৃপক্ষ’ অর্থ প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত উক্ত অধিদপ্তরের কোনো ভেটেরিনারি সার্জন;

(৫) ‘খামার’ অর্থ বিদ্যমান কোনো আইনের অধীন নিবন্ধিত হোক বা না হোক, বাণিজ্যিক উদ্দেশ্যে কোনো ব্যক্তি কর্তৃক পরিচালিত কোনো প্রাণীর খামার, যে স্থানে পাঁচ বা ততোধিক একই বা ভিন্ন ভিন্ন প্রজাতির প্রাণী লালনপালন করা হয়;


০৫/১০/২০২৬

(৬) “গৃহপালিত প্রাণী” অর্থ এইরূপ প্রাণী যাহা কোনোভাবে মানুষের উপকারে আসে ও প্রকৃতিগতভাবে হিংস্র নহে এবং গৃহে বা খামারে, বাণিজ্যিক উদ্দেশ্যে হোক বা না হোক, প্রতিপালন করা হয়;

(৭) “জেলা ম্যাজিস্ট্রেট” বলিতে Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর ধারা ১০ এ উল্লিখিত জেলা ম্যাজিস্ট্রেটকে বুঝাইবে।

(৮) “তত্ত্বাবধানকারী” অর্থ এইরূপ কোনো ব্যক্তি যিনি, মালিকের সম্মতিতে বা সম্মতি ব্যতীত, স্বেচ্ছায় কিংবা কর্তৃপক্ষের আদেশে নির্দিষ্ট সময়ের জন্য কোনো প্রাণীকে দখলে বা তত্ত্বাবধানে রাখিয়াছেন;

(৯) “নিষ্ঠুর আচরণ” অর্থ ধারা ৬ এর উপ-ধারা (১) এ উল্লিখিত কোনো অপপ্রয়োজনীয় নিষ্ঠুর আচরণ;

(১০) “নির্ধারিত” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত;

(১১) “পোষা প্রাণী (Pet)” অর্থ গৃহপালিত প্রাণী ব্যতীত এইরূপ কোনো প্রাণী যাহা মানুষের মানসিক প্রশান্তি বা নিরাপত্তার কাজে ব্যবহারের জন্য গৃহে বা বাণিজ্যিক উদ্দেশ্যে খামারে প্রতিপালন করা হয়;

(১২) “প্রাণী” অর্থে মানুষ ব্যতীত নিম্নবর্ণিত সকল ধরনের প্রাণী অন্তর্ভুক্ত হইবে, যথা:

(অ) সকল স্তন্যপায়ী প্রাণী, পাখি, সরীসৃপ ও মৎস্য ব্যতীত অন্যান্য জলজ প্রাণী;

(আ) গৃহপালিত, পোষা, খামারে বা বাণিজ্যিক উদ্দেশ্যে প্রতিপালিত, প্রজননকৃত, প্রশিক্ষিত, প্রদর্শিত, বিক্রয় বা পরিবহনের জন্য রক্ষিত প্রাণী;

(ই) মানুষের মালিকানাধীন, তত্ত্বাবধানে, নিয়ন্ত্রণে বা আটক অবস্থায় থাকা প্রাণী।

(ঈ) মালিকবিহীন, পরিত্যক্ত বা স্বাধীনভাবে বিচরণকারী প্রাণী; এবং

(উ) সরকার কর্তৃক, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে নির্ধারিত বা ঘোষিত অন্য কোনো প্রাণী বা প্রাণীর শ্রেণি বা প্রজাতি;

(১৩) “প্রাণিকল্যাণ” অর্থ কোনো প্রাণীকে মানুষের নিয়ন্ত্রণ বা তত্ত্বাবধানে রাখার সময় কিংবা মালিকানাধীন প্রাণীর প্রতি সদয় ও মানবিক আচরণ করা, তার মৌলিক শারীরিক ও মানসিক চাহিদা পূরণ করা এবং তাকে যে কোনো ধরনের অপপ্রয়োজনীয় কষ্ট, নিষ্ঠুরতা বা নির্যাতন থেকে মুক্ত রাখা;

(১৪) “প্রাণী সুরক্ষা” অর্থ প্রাণীদের যে কোনো ধরনের নিষ্ঠুরতা, নির্যাতন, অবহেলা, হয়রানি এবং অপপ্রয়োজনীয় কষ্ট থেকে মুক্ত রেখে তাদের জীবনের সুস্থতা ও নিরাপত্তা নিশ্চিত করার আইনি, নৈতিক এবং সামাজিক সচেতনতামূলক পদক্ষেপ;

(১৫) “প্রাণিকল্যাণ সংস্থা” অর্থ বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নিবন্ধিত এমন কোনো সরকারি বা বেসরকারি অলাভজনক প্রতিষ্ঠান যা প্রাণীদের স্বাস্থ্য, নিরাপত্তা, অধিকার রক্ষা এবং সার্বিক জীবনযাত্রার মান নিশ্চিত করার লক্ষ্যে কাজ করে;

(১৬) “বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(১৭) “ব্যক্তি” অর্থে কোম্পানি, সংঘ, সমিতি, অংশীদারি কারবার, প্রতিষ্ঠান এবং সংস্থাও অন্তর্ভুক্ত হইবে;

(১৮) “ব্যাথাহীন মৃত্যু বা ইউথেনিশিয়া (Euthanasia)” অর্থ কোনো দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত, মরণাপন্ন বা চরম যন্ত্রণায় কাতর প্রাণীকে অসহনীয় কষ্ট থেকে মুক্তি দেওয়ার উদ্দেশ্যে ইচ্ছাকৃতভাবে বৈজ্ঞানিক ও বেদনাহীন উপায়ে জীবনাবসান ঘটানোর প্রক্রিয়া।

(১৯) “ভেটেরিনারি সার্জন” অর্থ বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত ও প্রাণিসম্পদ অধিদপ্তরের অধীনে কর্মরত যে কোনো ভেটেরিনারিয়ান এবং এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান;

(২০) “মালিক” অর্থ কোনো প্রাণীর আইনানুগ মালিক;

(২১) “মালিকবিহীন প্রাণী” অর্থ মালিকানা বা দাবিদারবিহীন কোনো প্রাণী, অথবা যুক্তিসংগতভাবে অনুসন্ধানের পরও যে প্রাণীর মালিক বা তত্ত্বাবধানকারীকে পাওয়া যায় না;

(২২) “সংকটাপন্ন” অর্থ নিষ্ঠুর আচরণ, অসুস্থতা বা দুর্ঘটনার কারণে জীবন হুমকিতে পতিত;

(২৩) “স্থানীয় কর্তৃপক্ষ” অর্থ সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ এবং সংশ্লিষ্ট এলাকার ক্যান্টনমেন্ট বোর্ড।

৩। আইনের প্রাধান্য।— আপাতত বলবৎ অন্য কোনো আইনের অধীন কোনো প্রাণী বা প্রাণীর শ্রেণি বা প্রজাতির সংরক্ষণ, ব্যবস্থাপনা, শিকার, আহরণ, বাণিজ্য বা নিয়ন্ত্রণের বিষয়ে বিশেষ বিধান থাকিলে, সেই আইনের বিধান ক্ষুণ্ণ না করিয়া এই আইনের প্রাণিকল্যাণ ও সুরক্ষা সাধন এবং নিষ্ঠুরতা প্রতিরোধ সংক্রান্ত বিধানাবলী প্রাধান্য পাইবে।

৪। মালিক বা তত্ত্বাবধানকারীর দায়িত্ব।— প্রত্যেক প্রাণীর মালিক বা তত্ত্বাবধানকারীর দায়িত্ব হইবে যৌক্তিক কারণ ব্যতীত, উক্ত প্রাণীর প্রতি কল্যাণকর ও মানবিক আচরণ করা এবং নিষ্ঠুর আচরণ করা হইতে নিজে বিরত থাকা এবং অন্যকে নিবৃত্ত করা।

৫। প্রাণী প্রতিপালন, পরিবহন, সুরক্ষা ও ব্যাথাহীন মৃত্যু (ইউথেনেশিয়া) বিধি প্রণয়ন।— সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রাণী প্রতিপালন, পরিবহন, সুরক্ষা এবং ব্যাথাহীন মৃত্যু ইত্যাদি বিধি প্রণয়ন করিতে পারিবে।

৬। প্রাণীর প্রতি অপ্রয়োজনীয় নিষ্ঠুর আচরণ। — ১) কোনো ব্যক্তির নিম্নবর্ণিত আচরণ বা কার্য যাহা প্রাণীর জন্য অকল্যাণকর এবং উহা এই আইনের অধীন প্রাণীর প্রতি নিষ্ঠুর আচরণ হিসাবে গণ্য হইবে, যদি —

(ক) কোনো কার্য বা কার্য সাধন করা যাহা প্রাণীর অসুস্থতার কারণ হয়;

(খ) প্রাণীকে অতিরিক্ত পরিশ্রম করানো বা প্রহার করা যাহা প্রাণীর অসুস্থতার কারণ হয়;

- (গ) প্রাণীকে বিধি দ্বারা নির্ধারিত প্রয়োজনীয় পরিমাণে খাদ্য ও পানি প্রদান না করা হয় অথবা অতিরিক্ত খাদ্য এবং পানি গ্রহণে জবরদস্তি করা হয়;
- (ঘ) প্রাণীকে এইরূপভাবে বাধিয়া রাখা হয় বা এমন অবকাঠামোর মধ্যে আবদ্ধ রাখা হয় বা বহন করা হয় যাহার কারণে সংশ্লিষ্ট প্রাণী তাহার প্রকৃতি অনুযায়ী স্বাভাবিকভাবে দাঁড়াইতে, বসিতে বা শায়িত অবস্থায় থাকিতে পারে না;
- (ঙ) নিয়ন্ত্রণের উদ্দেশ্যে প্রাণীকে ধারালো ধাতব বস্তু দ্বারা প্রহার বা আঘাত করা হয়;
- (চ) অসুস্থ অবস্থায় বা মৃত্যু ঘটানোর জন্য কোনো প্রাণীকে লোকালয়ে মুক্ত করিয়া দেওয়া হয়;
- (ছ) কোন প্রাণীকে লড়াই করিবার জন্য প্ররোচিত করা বা লড়াইয়ের আয়োজন করা অথবা টোপ হিসাবে ব্যবহার করা কিংবা উত্যক্ত করা হয়;
- (জ) ইচ্ছাকৃতভাবে এবং অকারণে প্রাণীর জন্য ক্ষতিকর বা প্রয়োগযোগ্য নহে এমন কোনো ঔষধ বা পদার্থ সেবন করানো হয় বা ইনজেকশনের মাধ্যমে বা পায়ুপথ বা জননাংগের মাধ্যমে দেহে প্রবেশ করানো বা করানোর চেষ্টা হয়।
- ঝ) কুকুরসহ অন্যান্য পোষা প্রাণীর শরীরচর্চার জন্য কোনো প্রকার চলাফেরার সুযোগ প্রদান না করিয়া একটানা চক্কিশ ঘণ্টা বা ততোধিক সময় বাঁধিয়া রাখা বা আটকাইয়া রাখা হয়।
- (ঞ) রাইফেল শ্যুটিং বা তীর ছোড়া প্রতিযোগিতায় কোনো প্রাণীকে লক্ষ্যবস্তু হিসাবে ব্যবহার করা হয় বা করিবার উদ্দেশ্যে ছাড়িয়া দেওয়া হয়।
- (ট) অজ্ঞানিজনিত অথবা ক্ষুধা, তৃষ্ণা বা অন্য কোনো নিষ্ঠুরতার কারণে ব্যথাভোগকারী প্রাণীকে চিকিৎসার ব্যবস্থা গ্রহণ না করিয়া বিক্রয়ের উদ্দেশ্যে অর্পণ করা হয়;
- (ঠ) কোনো প্রাণীকে গৃহে আটক রাখিয়া এবং অন্য কাহারো তত্ত্বাবধানে না রাখিয়া উক্ত প্রাণীর মালিক বা তত্ত্বাবধানকারীর দীর্ঘ সময়কাল গৃহের বাহিরে অবস্থান যাহাতে প্রাণীটি খাদ্য ও পানীয় এবং নিরাপত্তা সঙ্কটে পড়িতে পারে।
- (ড) ভেটেরিনারী সার্জন কর্তৃক কোনো প্রাণীকে প্রজননের জন্য শারীরিকভাবে অযোগ্য ঘোষণা করিবার পর উক্ত প্রাণীকে প্রজনন কাজে ব্যবহার করা হয়;
- (ঢ) কর্তৃপক্ষের অনুমতিপত্র ব্যতিরেকে কোনো প্রাণীকে বিনোদন বা ক্রীড়া ক্ষেত্রে ব্যবহার করা হয়।

(গ) বিশ্রামরত, সজ্জামরত কিংবা ঘুমন্ত প্রাণীকে হয়রানি, সম্মুখ প্রতিবিম্ব স্থাপন কিংবা বাহ্যিক কোনো বস্তু সংযোজন করে প্রাণীকে হয়রানি, ও আতঙ্কিত করা এবং তার ভিডিও ধারণ করে ডিজিটাল প্ল্যাটফর্মে প্রচার করা।

(২) উপ-ধারায় (১) এ উল্লিখিত আচরণ বা কার্য ছাড়াও সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, কোনো ব্যক্তি কর্তৃক প্রাণীর প্রতি অন্য কোনো আচরণ বা কার্যকেও প্রাণীর প্রতি নিষ্ঠুর আচরণ হিসাবে ঘোষণা করিতে পারিবে।

(৩) উপ-ধারা (৪) এর বিধান সাপেক্ষে কোনো ব্যক্তি উপ-ধারা (১) ও (২) এ বর্ণিত কোনো নিষ্ঠুর আচরণ সংঘটন করিলে বা সংঘটনে সহযোগিতা করিলে উহা এই আইনের অধীন অপরাধ হিসাবে গণ্য হইবে।

(৪) এই ধারার ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, প্রাণীর প্রতি নিম্নবর্ণিত আচরণ বা কার্য নিষ্ঠুর আচরণ হিসাবে গণ্য হইবে না, যদি-

(ক) নিষ্ঠুরতাটি যৌক্তিকভাবে পরিহার বা হ্রাস করিবার উদ্যোগ গ্রহণ করা হয়;

(খ) নিষ্ঠুরতাটি সং উদ্দেশ্যে, যেমন- উক্ত প্রাণী বা অন্য কোনো প্রাণীর উপকার অথবা অন্য কোনো ব্যক্তি বা অন্য কোনো প্রাণীর প্রাণ সংশয়ের হুমকি নিরসনের জন্য করা হয়;

(গ) সংশ্লিষ্ট কার্য, ভেটেরিনারি সার্জনের প্রতিবেদনের ভিত্তিতে, জেলা প্রাণীসম্পদ কর্মকর্তার নিকট, যুক্তিসঙ্গতভাবে উপযুক্ত এবং মানবিক প্রতীয়মান হয়;

(ঘ) কোনো নিশ্চিত জলাতঙ্কগ্রস্ত প্রাণী বা অন্য কোনো অনিরাময়যোগ্য সংক্রামক রোগে আক্রান্ত হয়, যাহা মানুষ বা অন্য প্রাণীতে সংক্রমণ ঘটাইতে পারে, অথবা যাহা মানুষের মধ্যে সংক্রমিত হইতে পারে বলিয়া সরকারের স্বাস্থ্যসেবা বিভাগ কর্তৃক ঘোষিত হয়, এবং নিয়ন্ত্রণে বা নির্মূলে সরকার বা সরকারের অনুমোদিত কোনো কর্তৃপক্ষ, সংস্থা বা প্রতিষ্ঠান কর্তৃক ব্যথাহীন কোনো মানবিক উপায়ে এবং OIE (World Organization for Animal Health) Standards অনুসরণ করিয়া জনকল্যাণার্থে উক্ত অনিরাময়যোগ্য অসুস্থ প্রাণীকে মৃত্যু নিশ্চিত করা হয়;

(ঙ) নিষ্ঠুরতাটি কোনো সরকার স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠানে বা গবেষণা প্রতিষ্ঠানে শিক্ষা বা গবেষণার উদ্দেশ্যে হইয়া থাকে;

(চ) খাদ্য হিসাবে ব্যবহারের জন্য প্রাণী জবাইকালে ও ধর্মীয় উদ্দেশ্যে উৎসর্গকালে যে কোনো ধর্মাবলম্বী ব্যক্তি কর্তৃক তাহার নিজস্ব ধর্মীয় আচার অনুযায়ী কোনো কার্যক্রম গ্রহণ করা হয়;

(ছ) চিড়িয়াখানা কর্তৃপক্ষ কর্তৃক চিড়িয়াখানা পরিচালনার জন্য প্রযোজ্য আইন, বিধি বা নীতিমালার অধীন চিড়িয়াখানায় রক্ষিত প্রাণীর ক্ষেত্রে কোনো কার্যক্রম বা ব্যবস্থা গ্রহণ করা হয়; এবং

(জ) বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০২৬ (২০২৬ সনের ৮৬ নং আইন) এর অধীন কোনো কার্যক্রম বা ব্যবস্থা গ্রহণ করা হয়।

৭। মালিকবিহীন প্রাণী নিধন বা অপসারণ।— (১) এই আইনে উল্লিখিত কোনো কারণ ব্যতীত, মালিকবিহীন কোনো প্রাণী নিধন বা অপসারণ করা যাইবে না।

(২) কোনো ব্যক্তি মালিকবিহীন কোনো প্রাণী হত্যা করিলে উহা এই আইনের অধীন অপরাধ হিসাবে গণ্য হইবে।

৮। পরিবহন কাজে প্রাণীর ব্যবহার।— (১) শারীরিকভাবে অনুপযুক্ত কোনো প্রাণীকে পরিবহন কাজে বাহক হিসাবে ব্যবহার এবং কোনো প্রাণীর দ্বারা মাত্রাতিরিক্ত যাত্রী বা মালামাল বহন করানো যাইবে না।

(২) নিম্নবর্ণিত কার্য এই আইনের অধীন অপরাধ হিসাবে গণ্য হইবে, যথা:-

(ক) কোনো প্রাণীকে পরিবহন কাজে বাহক হিসাবে ব্যবহারের ক্ষেত্রে শারীরিকভাবে অনুপযুক্ত ঘোষণা করিবার পরও উক্ত প্রাণীকে উক্ত কাজে ব্যবহার; এবং

(খ) পরিবহন কাজে কোনো প্রাণী দ্বারা মাত্রাতিরিক্ত যাত্রী বা মালামাল পরিবহন।

(৩) বাহক প্রাণীকে পরিবহন কাজের জন্য শারীরিকভাবে অনুপযুক্ত ঘোষণা করিবার পদ্ধতি এবং প্রাণী কর্তৃক পরিবহনযোগ্য যাত্রী ও মালামালের ওজনের মাত্রা নির্ধারণ ও পদ্ধতি বিধি দ্বারা নির্ধারিত হইবে।

৯। পোষা প্রাণীর বাণিজ্যিক উৎপাদন ও ব্যবস্থাপনা নিবন্ধন।— (১) বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নিবন্ধন গ্রহণ ব্যতিরেকে বাণিজ্যিক উদ্দেশ্যে পোষা প্রাণী উৎপাদন এবং উক্ত উদ্দেশ্যে কোনো খামার স্থাপন ও পরিচালনা করা যাইবে না।

(২) নিবন্ধিত খামার মালিক খামার অবসায়নের জন্য আবেদন করিলে বা তাহার মৃত্যু হইলে বা তিনি নিবন্ধনের শর্ত ভঙ্গ করিলে, নিবন্ধন কর্তৃপক্ষ নিবন্ধন বাতিল বা স্থগিত, যাহা কর্তৃপক্ষের নিকট উপযুক্ত বলিয়া প্রতীয়মান হইবে, করিতে পারিবে, এবং বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে অবসায়নকৃত খামারের প্রাণীর দখল গ্রহণ ও নিষ্পত্তি করিতে পারিবে।

(৩) কোনো ব্যক্তি এই আইনের অধীন নিবন্ধন গ্রহণ ব্যতিরেকে বাণিজ্যিক উদ্দেশ্যে পোষা প্রাণী উৎপাদন খামার পরিচালনা করিলে অথবা নিবন্ধন বাতিল করা হইয়াছে এমন কোনো খামার পরিচালনা অব্যাহত রাখিলে উহা এই আইনের অধীন অপরাধ হিসাবে গণ্য হইবে।

১০। অজ্ঞাহানি—(১) প্রাণীর ক্ষতিসাধনের উদ্দেশ্যে প্রাণীদেহের কোনো সংবেদনশীল টিস্যু অপসারণ করা হইলে বা অজ্ঞা কর্তন করা হইলে অথবা শারীরিক কাঠামোর পরিবর্তন ঘটানো হইলে বা ঘটাইবার চেষ্টা করা হইলে অথবা উক্ত কাজে সহায়তা করা হইলে উহা এই আইনের অধীন অপরাধ হিসাবে গণ্য হইবে।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, ভেটেরিনারি সার্জনের লিখিত অনুমতি সাপেক্ষে, গৃহপালিত প্রাণী, পোষা প্রাণী বা আবদ্ধ প্রাণীর পরিচর্যা, স্বাস্থ্য-সুরক্ষা ও সৌন্দর্য বৃদ্ধির প্রয়োজনে উক্ত প্রাণীর শিং কর্তন, লেজ কর্তন, কান কর্তন, হফ ট্রিমিং, লাইগেশন, ক্যাশট্রেশন এবং অর্থনৈতিক কারণে কেশ বা লোম কর্তন করা যাইবে।

১১। বিষ প্রয়োগ।—(১) কোনো ঔষধ বা খাবার বিষাক্ত বা অনিষ্টকর জানা সত্ত্বেও কোনো ব্যক্তি যদি প্রাণীকে উক্ত বিষাক্ত বা অনিষ্টকর ঔষধ বা খাবার অথবা বিষ মিশ্রিত খাবার খাওয়ান বা বিষ প্রাণীর দেহে প্রয়োগ করেন অথবা অনুরূপ কাজ করিবার চেষ্টা করেন বা করিতে সহায়তা করেন, যাহার ফলে প্রাণীর মৃত্যু বা স্থায়ী অজ্ঞাহানি হয় অথবা স্বাভাবিক আকার ও কর্মক্ষমতা নষ্ট হইয়া যায়, তাহা হইলে উক্ত কার্য এই আইনের অধীন অপরাধ হিসাবে গণ্য হইবে।

(২) যুক্তিযুক্ত প্রয়োজনে ভেটেরিনারি সার্জনের লিখিত পরামর্শ ও পদ্ধতি অনুসারে প্রাণীকে অজ্ঞান করিবার ক্ষেত্রে অথবা উহার ব্যথাহীন মৃত্যু (Euthansia) ঘটাইবার ক্ষেত্রে উপধারা (১) এ উল্লিখিত কার্যাদি অপরাধ হিসাবে গণ্য হইবে না।

১২। কলাকৌশল প্রদর্শনকারী প্রাণী—(১) কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ ব্যতীত, কোনো প্রাণীকে দৈহিক কলাকৌশল প্রদর্শনের জন্য প্রশিক্ষণ প্রদান বা দৈহিক কসরৎ প্রদর্শনের জন্য ব্যবহার করা যাইবে না।

(২) কর্তৃপক্ষ কোনো ব্যক্তির অনুকূলে উপধারা (১) এ বর্ণিত অনুমতি প্রদানের ক্ষেত্রে, সংশ্লিষ্ট অনুমতিপত্রে, অনুমতির মেয়াদসহ সংশ্লিষ্ট প্রাণীর কল্যাণে করণীয় নির্ধারণপূর্বক প্রয়োজনীয় শর্ত আরোপ করিতে পারিবে।

(৩) মেয়াদান্তে এই ধারার অধীন প্রদত্ত অনুমতিপত্র কেবল অনুমতিপত্রে উল্লিখিত প্রাণীর জন্য নবায়ন করা যাইবে।

(৪) এই ধারার অধীন প্রদত্ত অনুমতিপত্র নবায়নের জন্য আবেদন করা না হইলে অথবা অনুমতিপত্র নবায়ন করা না হইলে অনুমতিপত্রে উল্লিখিত মেয়াদ সমাপ্তির পর সংশ্লিষ্ট প্রাণী দৈহিক কসরৎ প্রদর্শনের জন্য ব্যবহার করা যাইবে না।

(৫) কোনো ব্যক্তি এই ধারার অধীন প্রদত্ত অনুমতিপত্রে উল্লিখিত শর্ত প্রতিপালনে ব্যর্থ হইলে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট অনুমতি বাতিল করিতে পারিবে।

(৬) উপধারা (১) এবং (৪) এর বিধান লঙ্ঘন এই আইনের অধীন অপরাধ হিসাবে গণ্য হইবে।

(৭) এই ধারার অধীন অনুমতি প্রাপ্তির জন্য আবেদন, অনুমতি প্রদান, অনুমতির মেয়াদ এবং অনুমতিপত্র নবায়নসহ আনুষঙ্গিক বিষয়াদি বিধি দ্বারা নির্ধারিত হইবে।

(৮) এই ধারায় যাহা কিছুই থাকুক না কেন, প্রতিরক্ষা বাহিনী, বর্ডার গার্ড বাংলাদেশ, বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী এবং বাংলাদেশ কোস্টগার্ডসহ অনুরূপ সরকারি কোনো বাহিনীর ক্ষেত্রে এই ধারা প্রযোজ্য হইবে না।

ব্যাখ্যা।- এই ধারায় “কলাকৌশল প্রদর্শনকারী প্রাণী” বলিতে মালিক বা তত্ত্বাবধানকারীর হেফাজতে রক্ষিত এইরূপ প্রাণীকে বুঝাইবে, যাহাকে দৈহিক কসরতের মাধ্যমে মানুষের বিনোদন, খেলা, প্রদর্শন বা অর্থ উপার্জনের মত অন্য কোনো কাজে ব্যবহার করা হয়।

১৩। পরিদর্শন— (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে কর্তৃপক্ষ, অথবা বাংলাদেশ পুলিশের উপ-পরিদর্শকের নিম্নে নহে এমন কোনো পুলিশ অফিসার তাহার এখতিয়ারাধীন এলাকায়, নিবন্ধিত ও অনিবন্ধিত সকল খামার যে কোনো সময় পরিদর্শন করিতে পারিবেন এবং প্রাণীর প্রতি নিষ্ঠুর আচরণ পরিহারে সংশ্লিষ্ট ব্যক্তিকে পরামর্শ প্রদানসহ এই আইন বা তদধীন প্রণীত বিধির আওতায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবেন।

(২) কর্তৃপক্ষ বা উপ-ধারা (১) এ উল্লিখিত পুলিশ অফিসারকে খামার পরিদর্শনের জন্য খামারে প্রবেশ করিবার অনুমতি প্রদানসহ সংশ্লিষ্ট কাজে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করিতে খামার মালিক বা তাহার প্রতিনিধি বাধ্য থাকিবেন।

(৩) উপধারা (১) এর অধীন খামার পরিদর্শনকালে পরিদর্শন কাজে বাধা প্রদান করা হইলে অথবা প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা না হইলে, উহা এই আইনের অধীনে অপরাধ হিসাবে গণ্য হইবে।

১৪। সংকটাপন্ন প্রাণীকে তত্ত্বাবধানে নেওয়া এবং নিধন করিবার ক্ষমতা।— (১) কোনো প্রাণী সংকটাপন্ন অবস্থায় রহিয়াছে মর্মে কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হইলে অথবা এইরূপ সংবাদ কাহারও নিকট হইতে অবহিত হইলে উক্ত সংকট প্রশমিত করিবার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে অথবা করিবার জন্য সংশ্লিষ্ট প্রাণীর মালিক বা তত্ত্বাবধানকারী না থাকিলে কর্তৃপক্ষ বা স্থানীয় কর্তৃপক্ষ সংকটাপন্ন অবস্থা হইতে সংশ্লিষ্ট প্রাণীকে উদ্ধারের জন্য ব্যবস্থা গ্রহণ করিবে।

(২) সংকটাপন্ন অবস্থায় থাকা কোনো প্রাণী জীবিত উদ্ধারের সম্ভাবনা নাই মর্মে কর্তৃপক্ষের নিকট যুক্তিসঙ্গতভাবে প্রতীয়মান হইলে অথবা সংকটাপন্ন অবস্থা হইতে উদ্ধারের চেষ্টা ব্যর্থ হইলে এবং নিধন অপরিহার্য হইলে, এখতিয়ারাধীন জেলা ম্যাজিস্ট্রেটের অনুমতি গ্রহণক্রমে, , সংশ্লিষ্ট প্রাণী যে স্থানে ও যে অবস্থায় থাকিবে, সেই স্থান ও অবস্থা হইতে উদ্ধারের পর, প্রাণীটি অনিরাময়যোগ্য অসুস্থ প্রাণী হইলে এবং তাহাকে বাঁচাইয়া রাখা নিষ্ঠুরতা হইলে, কর্তৃপক্ষ স্থানীয় কর্তৃপক্ষের সহযোগিতায় উক্ত সংকটাপন্ন প্রাণীকে প্রয়োজনে উদ্ধারক্রমে অন্যত্র লইয়া ব্যথাহীন মৃত্যু ঘটাইবে। এই ক্ষেত্রে প্রাণী কল্যাণ সংস্থাসমূহের সহায়তা গ্রহণ করা যাইবে।

(৩) উপ-ধারা (২) এর অধীন ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে কর্তৃপক্ষ, ক্ষেত্রমত, নিকটবর্তী থানা, ফায়ার সার্ভিস ও স্থানীয় কর্তৃপক্ষের সহায়তা গ্রহণ করিতে পারিবে।

১৫। প্রাণীর রোগ প্রতিরোধ ও চিকিৎসা; প্রাণী আটক এবং আটক প্রাণীর চিকিৎসা ও পরিচর্যা ইত্যাদি।— (১) (ক) মালিকবিহীন প্রাণীর নিয়মিত টিকাদান ও চিকিৎসার ব্যবস্থা কর্তৃপক্ষ ও স্থানীয় কর্তৃপক্ষ গ্রহণ করিবে। এই ক্ষেত্রে স্থানীয় কর্তৃপক্ষ প্রাণী কল্যাণ সংস্থাসমূহের সহায়তা গ্রহণ করিতে পারিবে।

(খ) কর্তৃপক্ষ এই আইনের অধীন অপরাধের শিকার (Victim) প্রাণীকে, সংকটাপন্ন অবস্থায় থাকুক না থাকুক, আটক এবং আটককৃত প্রাণীকে আগ্রহী কোনো ব্যক্তির তত্ত্বাবধানে প্রদান করিবার জন্য অথবা, যথাযথ প্রতীয়মান হইলে, ব্যথাহীন মৃত্যু ঘটাইবার জন্য বা বিক্রয়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে। অথবা আগ্রহী কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা প্রাণী কল্যাণ সংস্থা'য় – হস্তান্তর করিতে পারিবে।

(২) উপ-ধারা ১(খ) এ যাহা কিছুই থাকুক না কেন, কর্তৃপক্ষ উক্ত উপ-ধারার অধীন আটককৃত প্রাণীকে সরকারি ভেটেরিনারি হাসপাতাল অথবা স্থানীয় কর্তৃপক্ষের অথবা কোনো প্রাণিকল্যাণ সংস্থার নিকট চিকিৎসা ও পরিচর্যার জন্য প্রেরণ করিতে পারিবে।

(৩) উপ-ধারা (১) এর অধীন আটককৃত প্রাণী সুস্থ না হওয়া পর্যন্ত উহার চিকিৎসা, খাদ্য ও পানি সরবরাহের খরচের পরিমাণ সংশ্লিষ্ট এলাকার ভেটেরিনারি সার্জন কর্তৃক নির্ধারিত হইবে এবং সংশ্লিষ্ট ব্যয় প্রাণীর মালিক বা তত্ত্বাবধানকারীকে বহন করিতে হইবে।

তবে শর্ত থাকে যে, তত্ত্বাবধানকারীকে পাওয়া না গেলে, স্থানীয় কর্তৃপক্ষ উক্ত ব্যয় বহন করিবে।

(৪) কর্তৃপক্ষ বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কোনো আগ্রহী ব্যক্তি বা প্রাণী কল্যাণ সংস্থাকে প্রাণি নিবাস বা পূর্ববাসন কেন্দ্র স্থাপনের অনুমতি দিতে পারিবে।

(৫) এই আইনের বাস্তবায়ন ও উদ্দেশ্য পূরণের লক্ষ্যে প্রাণীসম্পদ অধিদপ্তরের মহাপরিচালকের অধীনে অধিদপ্তরের একজন পরিচালকের নেতৃত্বে নতুন একটি শাখা/উইং/ইউনিট চালু করা হইবে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এর কার্যক্রম ও জনবল নির্ধারণ করা হইবে।

১৬। অপরাধ ও দণ্ড।— কোনো ব্যক্তি এই আইনের-

(ক) ধারা ৬ এর উপ-ধারা (ক), (খ), (গ), (ঘ), (ঠ), (ড), (ঢ) (ণ) এবং ধারা ১২ এর উপধারা (১) এর অধীন কোনো অপরাধ সংঘটন করিলে অথবা অপরাধ সংঘটনে সহায়তা করিলে উক্ত ব্যক্তি অনধিক ৬ (ছয়) মাস বিনাশ্রম কারাদণ্ড বা অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা জরিমানা অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন; এবং

(খ) ধারা ৬ এর উপ-ধারা (ঘ), (ঙ), (জ), ধারা ৮ এর উপধারা ২ এর (খ) এবং ধারা ৯ এর উপ-ধারা (৩) এর অধীন কোনো অপরাধ সংঘটন করিলে অথবা অপরাধ সংঘটনে সহায়তা করিলে উক্ত ব্যক্তি অনধিক ১ (এক) বৎসরের বিনাশ্রম কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা জরিমানা অথবা উভয় দণ্ডে দণ্ডিত

হইবেন।

(গ) ধারা ৬ এর উপ-ধারা (চ), (ছ), (ঞ), (ট), ধারা ৭ এর উপধারা (২), ধারা ১০ এর উপধারা (১) এবং ধারা ১১ এর উপধারা (১) এর অধীন কোনো অপরাধ সংঘটন করিলে অথবা অপরাধ সংঘটনে সহায়তা করিলে উক্ত ব্যক্তি অনধিক ৩ (তিন) বৎসর স্বশ্রম কারাদণ্ড বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন; এবং

(ঘ) একই ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক উপরোক্ত অপরাধসমূহ পুনঃসংঘটিত হইলে শাস্তির মাত্রা দ্বিগুন হইবে।

১৭। কোম্পানি, ইত্যাদি কর্তৃক অপরাধ সংঘটন।— কোনো কোম্পানি কর্তৃক এই আইনের অধীন কোনো অপরাধ সংঘটিত হইলে, উক্ত অপরাধের সহিত প্রত্যক্ষ সংশ্লিষ্টতা রহিয়াছে কোম্পানির এমন প্রত্যেক পরিচালক, অংশীদার, প্রধান নির্বাহী, ম্যানেজার, সচিব বা অন্য কোনো কর্মকর্তা বা কর্মচারী অথবা প্রতিনিধি উক্ত অপরাধ সংঘটন করিয়াছেন বলিয়া গণ্য হইবে, যদি না তিনি প্রমাণ করিতে পারেন যে, উক্ত অপরাধ তাহার অজ্ঞাতসারে সংঘটিত হইয়াছে অথবা উক্ত অপরাধ রোধ করিবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন।

ব্যাখ্যা।—এই ধারায়—

(ক) “কোম্পানি” অর্থে সংবিধিবদ্ধ সংস্থা, বাণিজ্যিক প্রতিষ্ঠান, অংশীদারি কারবার, সমিতি বা একাধিক ব্যক্তি সমন্বয়ে গঠিত সংগঠনও অন্তর্ভুক্ত হইবে; এবং

(খ) “পরিচালক” অর্থে অংশীদার বা পরিচালনা বোর্ডের সদস্যও অন্তর্ভুক্ত হইবে।

১৮। অপরাধ বিচারার্থ গ্রহণ।— ১) কর্তৃপক্ষের লিখিত প্রত্যয়ন ব্যতীত, কোনো আদালত এই আইনের অধীন কৃত কোনো অপরাধ বিচারার্থে গ্রহণ করিবেন না।

(২) এই আইনে প্রাণীর প্রতি সংঘটিত কোনো অপরাধে কর্তৃপক্ষ, কিংবা উপপরিদর্শক এর নিচে নয় এমন কোনো পুলিশ সদস্য মামলা করিতে পারিবেন।

১৯। অপরাধের আমলযোগ্যতা ও জামিনযোগ্যতা।— (১) (ক) এই আইনের ধারা ৬ এর উপ-ধারা (ক), (খ), (গ), (ঘ), (ঙ), (চ), (ছ), (জ), (ট) এবং ধারা ১২ এর উপধারা (১) এর অধীন সংঘটিত কতিপয় অপরাধসমূহ অআমলযোগ্য (Non-cognizable) ও জামিনযোগ্য (Bailable) হইবে;

(খ) ধারা ৬ এর উপ-ধারা (ঘ), (ঙ), (জ), ধারা ৮ এর উপধারা ২ এর (খ) এবং ধারা ৯ এর উপ-ধারা (৩) এর অধীন সংঘটিত কোনো অপরাধ আমলযোগ্য (Cognizable) ও জামিনযোগ্য (Bailable) হইবে।

(গ) ধারা ৬ এর উপ-ধারা (চ), (ছ), (ঞ), (ট), ধারা ৭ এর উপধারা (২), ধারা ১০ এর উপধারা (১) এবং ধারা ১১ এর উপধারা (১) এর অধীন সংঘটিত কতিপয় অপরাধ আমলযোগ্য (cognizable) এবং জামিন অযোগ্য (Non-bailable) হইবে।

(২) এই আইনের অপরাধসমূহ ফৌজদারি কার্যবিধি' ১৮৯৮ (Code of Criminal Procedure' 1898) এর অধীন বিচার্য হইবে।

২০। মোবাইল কোর্টের এখতিয়ার।— এই আইনের ধারা ৬ এর উপ-ধারা (ক), (খ), (গ), (ঘ), (ঙ), (চ), (ট) (ণ) এবং ধারা ১২ এর উপধারা (১) অধীন সংঘটিত কতিপয় অপরাধসমূহ মোবাইল কোর্ট আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৯ নং আইন) এর তপশিলভুক্ত হওয়া সাপেক্ষে, মোবাইল কোর্ট কর্তৃক বিচার্য হইবে।

২১। বিধি প্রণয়নের ক্ষমতা।— এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

২২। অস্পষ্টতা দূরীকরণ।— এই আইনের কোনো বিধান কার্যকর করিবার ক্ষেত্রে কোনো অস্পষ্টতা বা অসুবিধা দেখা দিলে সরকার, আদেশ দ্বারা, এই আইনের বিধানাবলির সহিত সঙ্গতিপূর্ণ হওয়া সাপেক্ষে, উক্ত অস্পষ্টতা বা অসুবিধা দূর করিতে পারিবে।

২৩। ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।— (১) এই আইন প্রবর্তনের পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিতে পারিবে।

(২) বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

২৪। রহিতকরণ ও হেফাজতকরণ—(১) The Cruelty to Animals Act, 1920 (Act No. I of 1920) এবং প্রাণীকল্যাণ আইন, ২০১৯ অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত হইবে।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিত হওয়া সত্ত্বেও উক্ত আইনের অধীন-

(ক) কৃত কোনো কাজ, গৃহীত কোনো ব্যবস্থা বা চলমান কোনো কার্যক্রম এই আইনের অধীন কৃত, গৃহীত বা চলমান বলিয়া গণ্য হইবে।

(খ) দায়েরকৃত কোনো মামলা বা কার্যধারা কোনো আদালতে চলমান থাকিলে উহা এমনভাবে নিষ্পত্তি করিতে হইবে যেন উক্ত আইন রহিত হয় নাই।



০৫/১০/২০১৯

মোহাম্মদ কামাল হোসেন
উপসচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার